# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৮৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৫২, ৬৫৪]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ প্রথম ওয়াক্তে যোহরের নামায পড়ার ফজীলত

باب فَضْلِ التَّهْجِيرِ إِلَى الظُّهْرِ

আরবী

□□□ـ عَنْ أَبِي هُرَيْرَةَ : أَنَّ رَسُولَ اللَّهِ قَالَ بَيْنَمَا رَجُلٌ يَمْشِي بِطَرِيقٍ، وَجَدَ غُصْنَ شَوْكٍ عَلَى الطَّرِيقِ، فَأَخَّرَهُ، فَشَكَرَ اللَّهُ لَهُ فَغَفَرَ لَهُ. ثُمَّ قَالَ الشُّهَدَاءُ خَمْسَةٌ: الْمَطْعُونُ، وَالْمَبْطُونُ، وَالْغَرِيقُ، وَصَاحِبُ الْهَدْمِ، وَالشَّهِيدُ فِي سَبِيلِ اللهِ. (بخارى:□□□

বাংলা

৩৮৮) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ একজন লোক রাস্তা দিয়ে চলার সময় রাস্তার উপর একটি কাঁটাযুক্ত ডাল দেখতে পেল। সে ডালটি রাস্তা থেকে সরিয়ে ফেলল। আল্লাহ তাআলা তাঁর এ কাজটি পছন্দ করলেন এবং তাকে ক্ষমা করে দিলেন। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ শহীদ পাঁচ প্রকার। (১) প্লেগ রোগে আক্রান্ত হয়ে মৃত্যু বরণকারী (২) পেটের পীড়ায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী (৩) পানিতে ডুবে মৃত্যু বরণকারী (৪) (দেয়াল, ছাদ ইত্যাদির নীচে) চাপা পড়ে মৃত্যু বরণকারী এবং (৫) আল্লাহর রাস্তায় জিহাদ করতে গিয়ে মৃত্যু বরণকারী। হাদীছের অবশিষ্ট অংশ পূর্বে অতিবাহিত হয়েছে।

টিকাঃ হাদীছের যে অংশ পূর্বে অতিক্রান্ত হয়েছে তাতে রয়েছে যে, “আর যদি তারা জানত যোহরের নামাযের জন্য প্রথম ওয়াক্তে আগমণের ফজীলত কত বেশী, তাহলে তারা তাড়াতাড়ি করে প্রথম ওয়াক্তেই আগমণ করত”। ইমাম বুখারী (রঃ) সম্ভবতঃ এখান থেকেই শিরোনাম রচনা করেছেন।

## English

The superiority of offering the Zuhr prayer early

Narrated Abu Huraira:

Allah's Messenger (ﷺ) said, "While a man was going on a way, he saw a thorny branch and removed it from the way and Allah became pleased by his action and forgave him for that." Then the Prophet (ﷺ) said, "Five are

martyrs: One who dies of plague, one who dies of an Abdominal disease, one who dies of drowning, one who is buried alive (and) dies and one who is killed in Allah's cause."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89686

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন